অন্যের সমালোচনা করতে মানুষ বিনা পয়সায় বাড়তি খাটবে।

চার্লস করুদারস

সমালোচনা এড়ানোর জন্য কিছু করো না, কিছু বলো না, কিছু হয়ো না।

এলবার্ট হুবার্ড

যে কোন বেকুবই সমালোচনা করতে পারে এবং তাদের অনেকেই সেটা করে।

সি গার্বেট

সমালোচক হলো সেই মানুষ যার সৃষ্টি হয়েছে তারচেয়ে মহৎ মানুষের প্রশংসা করার জন্য. কিন্তু সে কখনোই তেমন মানুষ খুঁজে বের করতে পারে না।

রিচার্ড লে গালিয়েনে



তুমি যতো ভালো আর সৎ সমালোচক হবে ততো কম বন্ধু তোমার শেষকৃত্যের অনুষ্ঠানে ফুল পাঠাবে।

জর্জ জিন নাথান

বিশেষ করে একজন আত্মীয়, বন্ধু, স্বজন কিংবা অচেনা ব্যক্তির কাছ থেকে সৎ সমালোচনা গ্রহণ করা কঠিন।

ফ্রাঙ্কলিন পি জোনস

মানুষের মধ্যে সমালোচকরা হলো একটা কপট, অসৎ, অবমাননাকর জাতি। একজন কর্মঠ লেখক সম্পর্কে সমালোচককে জিজ্ঞেস করার অর্থ হলো একটা কুকুরকে ল্যাম্পপোস্ট সম্পর্কে জিজ্ঞাস করা।

সমালোচকদের প্রতি মনোযোগ দিও না, তাদেরকে অস্বীকারও করো না।

স্যামুয়েল গোল্ডিং